তারিখ 01 DEC 2016
পৃষ্ঠা ২০ কলাম ৬

সংবাদ

# শিক্ষা মন্ত্রণালয়ে নতুন দুটি বিভাগ

যুগান্তর রিপোর্ট

অবশেষে দুই বিভাগে ভাগ করা হয়েছে শিক্ষা মন্ত্রণালয়কে। এর একটি হল 'মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ' এবং অপরটি 'কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ'। বুধবার শিক্ষা মন্ত্রণালয়কে দুই ভাগে ভাগ করে প্রজ্ঞাপন জারি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ।

মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম স্বাক্ষরিত প্রজ্ঞাপনে বলা হয়, রুলস অব বিজনেস-১৯৯৬ এর রুল-৩ এর প্রদত্ত ক্ষমতাবলে প্রধানমন্ত্রী শিক্ষা মন্ত্রণালয়কে পুনর্গঠন করে ওই মন্ত্রণালয়ের অধীন দুটি বিভাগ গঠন করেছেন। দুই বিভাগ গঠনের ফলে এখন থেকে শিক্ষা মন্ত্রণালয়ে দু'জন সচিব দায়িত্ব পালন করবেন।

শিগগিরই আরও একজন সচিব নিয়োগ দেয়া হবে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। ১৯৭২ সালে শিক্ষা, ধর্ম, খেলাধুলা ও সংস্কৃতিবিষয়ক যে মন্ত্রণালয় গঠন করা হয়েছিল, ১৯৯৩ সালের আগস্টে সেখান থেকে স্বতন্ত্র শিক্ষা মন্ত্রণালয় প্রতিষ্ঠা পায়। শিক্ষা

■ পৃষ্ঠা ১৭ : কলাম ৩

## শিক্ষা মন্ত্রণালয়ে নতুন দুটি বিভাগ

(শেষ পৃষ্ঠার পর)

মন্ত্রণালয়ের মতো স্বাস্থ্য মন্ত্রণালয় ভেঙে পরিবারকল্যাণ বিভাগ এবং চিকিৎসা ও স্বাস্থ্য বিভাগ করার প্রক্রিয়া চলছে। একইভাবে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে ভেঙে জননিরাপত্তা বিভাগ এবং সুরক্ষা সেবা বিভাগ গঠনেরও কার্যক্রম চলছে।

এর আগে জুনে শিক্ষা মন্ত্রণালয়কে বিভক্ত করে তিনটি বিভাগ গঠনের প্রস্তাবে অনুমোদন দেয় প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি। ওই প্রস্তাবে বলা হয়, শিক্ষা মন্ত্রণালয়ের কাজের ব্যাপকতা বিবেচনায় এবং দেশের শিক্ষা কার্যক্রম অধিকতর সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে প্রধানমন্ত্রী শিক্ষা মন্ত্রণালয়কে তিন ভাগে বিভক্ত করে তিনটি বিভাগ গঠন করার অনুশাসন দিয়েছিলেন। এগুলো হল উচ্চশিক্ষা বিভাগ, মাধ্যমিক শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ। উচ্চশিক্ষা বিভাগের অধীনে থাকবে বিশ্ববিদ্যালয়, মাস্টার্স, অনার্স ও ডিগ্রি কলেজ। মাধ্যমিক শিক্ষা বিভাগের অধীনে থাকবে প্রাথমিক শিক্ষা পর্যায়ের পর থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত।